# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(৩০৪) যেসমস্ত নামাযে নীরবে কিরাআত পাঠ করা হয় সে সমস্ত নামাযে মুক্তাদীর ফাতিহার পর অন্য সূরা পাঠ করার বিধান কি?

ইমামের রুকূ করার পূর্ব মুহুর্ত পর্যন্ত মুক্তাদী পড়তেই থাকবে। যদিও সে সূরা ফাতিহা ও অন্য একটি সূরা পাঠ করে থাকে। চুপ থাকবে না। এমনকি প্রথম তাশাহুদের পর শেষের দু'রাকাতেও সূরা ফাতিহা পড়ার পর যদি দেখে ইমাম রুকূ করেননি, তবে অন্য সূরা পড়া শুরু করবে। কেননা নামাযে শরীয়ত অনুমদিত এমন কোন স্থান নেই যেখানে নামাযী চুপ করে থাকবে। তবে শুধু মাত্র ইমামের উচ্চ কণ্ঠে কুরআন তেলাওয়াতের সময় মুক্তাদী নীরব থাকবে ও শুনবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=835

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন